## নির্বাচন দিনে ভোট প্রদান

আপনি যদি না জানেন যে, কিভাবে ভোট দিতে হয় তবে কেন্দ্রের কর্মীদের থেকে সাহায্য নিতে পারেন। সিটিব্যাপী ভোট কেন্দ্রগুলোতে স্প্যানিশ সহযোগিতা ও ব্যালট প্রেরণ করা হবে। কিছু কেন্দ্রতে চাইনিজ, কোরিয়ান এবং বাংলা দোভাষী ও ব্যালট পাওয়া যাবে। ভোট দানে সহায়তার জন্য আপনি যে কোন ভাষায় তথ্যাদি ভোট কেন্দ্রে আনতে পারেন। একটি ব্যালট মার্কিং ডিভাইস (BMD),যা অনস্ক্রিন বা অডিও নির্দেশনা প্রতিবন্ধী ভোটারদের (বা যে কোন ভোটার যারা ব্যালট মার্ক করার জন্য সাহায্য নিতে চায়) ব্যালট মার্ক করার জন্য সাহায্য করবে এবং কিছু কেন্দ্রে একাধিক ভাষায় থাকবে।

BOE প্রতিটি বোরোতে কিভাবে ভোট দিতে হয় তার ব্যাপারে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করে। আরও তথ্যের জন্য BOE-র ওয়েবসাইট দেখুন বা ফোন 866-VOTE-NYC করুন।

## এবসেন্টি ব্যালট

আপনি যদি ভোট কেন্দ্রে না যেতে পারেন তবে এবসেন্টি ব্যালটের মাধ্যমে আপনি ভোট দিতে পারেন।

**সশরীরে:**

আপনি আপনার BOE-র বোরো অফিসে গিয়ে এবসেন্টি ব্যালট আবেদনপত্র পূরণ করে তা সম্পন্ন করুন। সময় ও তারিখ জানার জন্য BOE-তে ফোন করুন

**ডাক যোগে:**

1. এবসেন্টি ব্যালটের আবেদনের জন্য BOE-তে ফোন করুন বা BOE-র ওয়েবসাইট থেকে নামিয়ে নিন। নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদনপত্রটি পূরণ করে আপনার BOE বোরো অফিসে ডাক যোগে প্রেরণ করুন।
2. BOE ডাক যোগে একটি এবসেন্টি ব্যালট আপনাকে পাঠাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে তা পূরণ করে আপনার BOE বোরো অফিসে ডাক যোগে প্রেরণ করুন।

দুর্ঘটনা জনিত বা আকস্মিক অসুস্থতার কারণে নির্বাচনের দিনে আপনি যদি নির্বাচনী কেন্দ্রে যেতে না পারেন, তাহলে অনুমোদন পত্রসহ একজন প্রতিনিধিকে আপনার পক্ষ্য হয়ে অ্যাবসেন্টি ব্যালট প্রদান করার জন্য BOE বোরো অফিসে পাঠাতে পারেন। আপনাকে আপনার BOE বোরো অফিসে নির্বাচনের দিনে রাত ৯ টার মধ্যে সম্পূর্ণ পূরণকৃত আবেদনপত্র এবং ব্যালট ফেরত দিতে হবে।

## আরও জানুন

সিটির প্রার্থীদের ও ব্যালট বিষয়ে আরও জানার জন্য ভোটার গাইটি পড়ুন, যা মিউনিসিপাল নির্বাচনের আগে CFB ডাক যোগে সকল নিবন্ধিত ভোটারের নিকট প্রেরণ করেএবং তাদের ওয়েবসাইটে-ও প্রকাশ করে, NYC নির্বাচন, ভোট দানের নির্দেশনা, বিভিন্ন ফর্ম এবং আরও তথ্যের জন্য www.nyccfb.info/nycvotes দেখুন।

## ভোট কেন্দ্রের কর্মী / দোভাষী

সিটিব্যাপী ভোট কেন্দ্রের কর্মীর এবং দোভাষীর প্রয়োজন পরে। আপনি যদি প্রাইমারী ও সাধারণ, উভয় নির্বাচনে কাজ করেন তবে তার জন্য যথাযথ বেতন পাবেন এবং ২-৬ ঘন্টার প্রশিক্ষণের বেতনও যোগ করে দেবে।

উভয় পদের জন্য আপনাকে কমপক্ষে ১৮ বছরের অধিক বয়সী হতে হবে। এছাড়া, পোল ওয়ার্কারের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক এবং নিউ ইয়র্ক সিটির নিবন্ধিত ভোটার হতে হবে। দোভাষীদের মার্কিন যুক্তরাষ্ট্রের স্থায়ী বাসিন্দা, নিউ ইয়র্ক সিটিতে বাস করতে এবং ইংরাজী সহ স্প্যানিশ, চাইনিজ, কোরিয়ান বা বাংলা ভাষায় সাবলীল ভাবে কথা বলতে সক্ষম হতে হবে।

আবেদনপত্র এবং আরো তথ্যের BOE-র ওয়েবসাইটে আছে বা ফোন নম্বরে 866-VOTE-NYC করুন

দি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড একটি নিরপেক্ষ, স্বাধীন সিটি এজেন্সী যা নির্বাচনগুলোয় নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের ভূমিকা বাড়ায়। CFB-র মিশন হলো ভোটারদের অংশগ্রহণ ও সচেতনতা বাড়ানো, জন সাধারণকে ক্যাম্পেইনের আর্থিক তথ্য প্রদান করা, আরো নাগরিকদের নির্বাচনে অংশগ্রহণে উদ্বুদ্ধ করা, ক্ষুদ্র অনুদান প্রদানকারীদের ভূমিকা শক্তিশালী করা এবং প্রকৃত বা অনুভূত দুর্নীতির সম্ভাবনা হ্রাস করা।

**নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড**
১০০ চার্চ স্ট্রীট, ১২ তলা
নিউ ইয়র্ক, এন ওয়াই ১০০০৭
টেলি. ২১২.৪০৯.১৮০০
ফ্যাক্স ২১২.৪০৯.১৭০৫
www.nyccfb.info
voterassistance@nyccfb.info

# নিউ ইয়র্ক সিটিতে নিবন্ধন ও ভোট দানের একটি গাইড

nyc votes

**ভোট**দান দ্রুত, সহজ এবং গুরুত্বপূর্ণ! নিউ ইয়র্কের কেন্দ্রগুলো সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে। এটি আপনার A.D. (এসেম্বলী ডিসট্রিক্ট), E.D. (ইলেকশন ডিসট্রিক্ট) এবং নির্বাচনী দিবসের পূর্বে আপনার ভোট কেন্দ্রের অবস্থান জানতে সাহায্য করবে। আপনি নিবন্ধিত হবার পর, বোর্ড অফ ইলেকশন (BOE) থেকে আপনাকে যে নিশ্চিতকরণ কার্ড প্রেরণ করবে, এইসব তথ্য তাতে মুদ্রিত থাকবে, এবং প্রতি প্রাইমারী নির্বাচনের পূর্বে BOE সকল নিবন্ধিত ভোটারদের কাছে এই তথ্য কার্ড প্রেরণ করে। সহযোগিতার জন্য আপনি BOE –র সাথে যোগাযোগ করতে পারেন।

## ভোট প্রদানের জন্য নিবন্ধন

**সিটি অফ নিউ ইয়র্কে ভোটার হিসাবে নিবন্ধিত হতে হলে আপনাকে অবশ্যই:**

- ☑ মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- ☑ কমপক্ষে ৩০ দিনের নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হতে হবে
- ☑ বছরের শেষে বয়স ১৮ বছর হতে হবে (কিন্তু নির্বচনের দিনে আপনার বয়স অবশ্যই ১৮ বছর হতে হবে)
- ☑ গুরুতর অপরাধের জন্য কারাবন্দী বা দোষী সাব্যস্ত হতে পারবেন না
- ☑ আদালত কর্তৃক মানসিক ভারসাম্যহীন ঘোষিত হতে পারবেন না
- ☑ অন্য কোথাও ভোটের অধিকার দাবি করতে পারবেন না (সিটি অফ নিউ ইয়র্কের বাইরে)

আপনি ভোট প্রদানের জন্য নিবন্ধন হতে পারেন:

- ☑ **সশরীরে:** নিউ ইয়র্ক সিটির যে কোন BOE অফিসে।
- ☑ **ডাক যোগে:** আপনি 212-VOTE-NYC নম্বরে ফোন করে নিবন্ধন ফর্মের অনুরোধ করুন, BOE-র ওয়েবসাইট vote.nyc.ny.us, থেকে প্রিন্ট করে বা DMVs লাইব্রেরী, পোষ্ট অফিস অথবা সরকারী অন্য এজেন্সি থেকেও এক কপি সংগ্রহ করতে পারেন।
- ☑ **একটি ভোটার নিবন্ধন অভিযানে:** প্রাপ্ত ফর্মটি পূরণ করুন এবং সংস্থার নিকট জমা দিন বা BOE-র প্রধান অফিসে ডাক যোগে পাঠিয়ে দিন।
- ☑ **অনলাইনে:** আপনার যদি বৈধ NYS পরিচয়পত্র থাকে, তবে dmv.ny.gov/mydmv-তে অনলাইনে myDMV একাউন্ট বানিয়ে নিবন্ধন করুন।

## রাজনৈতিক দলের সাথে তালিকাভুক্ত

আপনি যদি ভোটার নিবন্ধন ফর্মে উল্লেখিত রাজনৈতিক দলগুলোর যে কোন একটির সাথে তালিকাভুক্ত হন, তবে আপনি ঐ দলের প্রাইমারীতে ভোট দিতে পারবেন। প্রাইমারী হলো যেখানে সাধারণ নির্বাচনের জন্য দলগুলো তাদের প্রার্থীদের বাছাই করে। আপনি কোনো একটি দলের নাম লিখাতেও পারেন অথবা কোনো দলের সাথে তালিকাভুক্ত নাও হতে পারেন।

ভোটার নিবন্ধন ফর্মের বক্সের পাশে চিহ্ন দিন:

- ☐ উল্লেখিত রাজনৈতিক দলগুলোর একটি
- ☐ "অন্যান্য", এবং ভিন্ন দলের নাম লিখুন, বা
- ☐ "আমি কোনো রাজনৈতিক দলের সাথে তালিকাভুক্ত হতে চাই না"

## সনাক্তকরণের আবশ্যিকতা

যদি আপনি ভোটার নিবন্ধন ফর্মে **DMV** -র নম্বরটি (ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি) বা সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ ৪টি সংখ্যা **(SSN)** উল্লেখ করেন, তবে নির্বাচন দিবসের পূর্বে **BOE** আপনার পরিচয় যাচাই করার চেষ্টা করবে।

**আপনার যদি DMV নম্বর বা SSN না থাকে,** তবে আপনি একটি ছবিযুক্ত পরিচয়পত্র, সাম্প্রতিক ইউটিলিটি বিল, ব্যাংক প্রতিবেদন, বেতনের রশিদ, সরকারী চেক, বা আপনার নাম ও ঠিকানাযুক্ত অন্য কোন সরকারী চিঠি যা দিয়ে আপনার পরিচয় যাচাই করা যাবে তাই ব্যবহার করতে পারেন (যদি ডাকযোগে নিবন্ধন করেন, তবে পূরণকৃত ফর্মের সাথে একটি কপি সংযুক্ত করুন)।



**যদি BOE আপনার পরিচয় যাচাই করতে না পারে, তবে প্রথমবার ভোট দানের সময় আপনার পরিচয়পত্র দেখাতে হতে পারে।**

## নিবন্ধন নিশ্চিতকরণ কার্ড

আপনার ভোটার নিবন্ধন ফর্ম জমা দেয়ার ২০ দিনের মধ্যে BOE থেকে নিবন্ধন নিশ্চিতকরণ কার্ড পাবেন। যদি না পান, তবে অনুগ্রহ করে BOE-র হটলাইনে ফোন দিন বা আপনার বোরো অফিসে খোঁজ নিয়ে জেনে নিন যে, আপনার আবেদন পত্র তাঁরা পেয়েছে এবং ব্যবস্থা নিয়েছে কিনা।

## NYC বোর্ড অফ ইলেকশনের সাথে যোগাযোগ

**ভোটার হট লাইন**
212-VOTE-NYC (212-868-3692)
বিনা-মুল্যে: 866-VOTE-NYC
শ্রবণ প্রতিবন্ধীদের জন্য
২১২-৪৮৭-৫৪৯৬
vote.nyc.ny.us

**প্রধান অফিস**
৩২-৪২ ব্রডওয়ে, ৭ম তলা
নিউ ইয়র্ক, এন ওয়াই ১০০০৪
২১২-৪৮৭-৫৪০০

**ব্রঙ্কস**
১৭৮০ গ্র্যান্ড কনকরস, ৫ম তলা
ব্রঙ্কস, এন ওয়াই ১০৪৫৭
৭১৮-৭৯৭-৮৮০০

**ব্রুকলিন**
৩৪৫ এডাম স্ট্রীট, ৪ তলা
ব্রুকলিন, এন ওয়াই ১১২০১
৭১৮-৭৯৭-৮৮০০

**ম্যানহাটান**
২০০ ভারিক স্ট্রীট, ১০ম তলা,
নিউ ইয়র্ক, এন ওয়াই ১০০১৪
২১২-৮৮৬-২১০০

**কুইন্স**
১২৬-০৬ কুইনস
কিউ গার্ডেন, নিউ ইয়র্ক ১১৪১৫
৭১৮-৭৩০-৬৭৩০

**স্টেটেন আইল্যান্ড**
১ এজওয়আটার প্লাজা, ৪ তলা
স্টেটেন আইল্যান্ড, এন ওয়াই ১০৩০৫
৭১৮-৮৭৬-০০৭৯